



# মধুখালী পৌরসভা

## ২০১২ সাল

মধুখালী পৌরসভা ৯ টি ওয়ার্ড এবং ১৪ টি মৌজা এবং ১৬ টি মহল্লা নিয়ে গঠিত। এর আয়তন ১২ বর্গকিলোমিটার। মধুখালী পৌরসভার সর্বদক্ষিনে মেছরদিয়া মৌজা, উত্তরে মধুখালী চিনিকল ও পশ্চিমে চন্দনা নদী অবস্থিত।

পৌরসভায় প্রশাসনিক ও দাপ্তরিক কাজ পরিচালনা করার জন্য একটি পৌরসভা কার্যালয় রয়েছে।

মধুখালী পৌরসভায় ফরিদপুর সুগার মিলস লিমিটেড বা মধুখালী চিনিকল অবস্থিত যেটি ব্রিটিশ আমলে নির্মিত হয়েছিলো। এখানে সরকারী হাসপাতাল, চক্ষু হাসপাতাল, সরকারী কলেজ সহ কয়েকটি উল্লেখযোগ্য শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে।

মধুখালী পৌরসভা জেলা সদরের সাথে সড়ক ও রেলপথ যোগাযোগ রয়েছে। জেলা সদর থেকে মধুখালী পৌরসভা প্রায় ৩০ কিলোমিটার দুরত্বে অবস্থিত।